কাণখিলা

ভবতোষ শতপথী

KANKHILA

A Collection of Poems

by

Bhabatosh Sathpathy

প্রথম প্রকাশ :
১লা বৈশাখ, ১৪১২

দ্বিতীয় প্রকাশ :
মহালয়া, ১৪১২

প্রকাশক : তপন মুখোপাধ্যায়
কলেজ রোড, ঝাড়গ্রাম

মুদ্রক :
তপন মুখোপাধ্যায়

ছাপাই :
শীর্ষ প্রিন্টার্স
কলেজ রোড, ঝাড়গ্রাম
পশ্চিম মেদিনীপুর

।। উৎসর্গ ।।

বিশিষ্ট সমাজসেবী সু-শিক্ষক প্রয়াত ডাঃ অক্ষয়কুমার ম

ও

প্রয়াত নিত্যানন্দ মাহাত-র স্মৃতির উদ্দেশ্যে।

লোককবি ভবতোষ

তপনকুমার মাহাত

মাঁয়-মাটির খাঁটি বেটা তুঁহেই বটিস কবি—
মাটির মানুষ খাঁটি মানুষ আঁকলে অদের ছবি।
খাটালি মানুষ 'পাঁদড়ু কাকা' মানুষ ত' লয় দেবতা —
'অরণ্যের কাব্য'-টা বটে জংলী লকের গীতা।
ভথায় সখা হয়েঁএও কবি লেইখলে অদের গাথা —
ভখা-দুখায় ভাবে খালি ভখা সাঁঝাতের কথা।
গাঁউলি কথা, কাল্যা চামড়া যে মানুষগার।
কেউ করুঅ করে নাঁয় অদের এতবড়অ উবগার।
তুঁই শিবালিসু কষ্ট সঁহে পষ্টঅ কথা বইলতে—
কুরকুট্যারাই করকটু আনে শিখলি তরেই দোলতে।
গিড়গিড়াএও বুইলছে এখন দু-ঠেংভাঁগা ভাষা
শিখালিসু কবি পুরা কইরতে অভাবি মনের আশা।
ছিঁড়অলু-চুঁথঅলু জংলী ঘরে চেতনায় আলঅ দিল—
ইদাঁ-বিঁবা-মকর-বাঁদনায় আমরা সবাই মিলি।
তরেই জউরে শিরা-চুনারায় ডেইংগুঅ ডাহি ডুংরি
ভাষার বাঁধনে থানাএও পাছি ভাষার সাংড়া-সাংড় ॥

চুনারামের কাঠবেটা

আদালতের রায়ে ভাগজমিন্‌টা
চুনারামের নামে রেকড্‌ হ'লাঅ—
সেটেলমেণ্ট আপিসের লে পাট্টা পা'লাঅ।
বেট-বেগার ধরেঁ দু'বিঘা দশকাঠা জমিন্‌টা
চাষ কইরল। শরাবণের মাঝামাঝি
তলা রুআ-পুতা কইরল।
অকস্মার কপালে আবাদ ভালই হ'লাঅ
বিঘায় কাহান্‌ গড়াকাটি!
উদুখুলা! চুনারাম থায় থিতি হ'লাঅ
ঠিকেই, কিন্তুক--
পরের আঁদালে-কাঁদালে থাকা লকের
লৈতন ঘরের ছঁচ্‌গবর লেপা ভুঁয়ে
ঘুম আসে নাই রাইতে
মাইসর মাসে ধান-কাটা বিল—
জাগা শুতে গেলে—
ঘর রাখা রহিবেক কে? লকে কথায় বলে ন,
"নিধনিয়াঁ ধন পালো দিনে দেখে তারা—
নিমাগুয়াঁ মাগ পালো বাসে মাঁঞের পারা।"
কম বইসেই কুস্‌মির সঁঘে ভালবাসা
ভেস্‌ভাঁঞ গেছে—চাল্‌-চুল্‌হা নাই বলেঁ।
কুস্‌মির বাপে বিটির বিহা দিল নাঁঞ —
চুনার সঁঘে!
অভাগা চুনার সুখ নাঁঞ কুথাঅ—
জরু পালে—জমিন্‌ নাঁঞ—
আর জমিন্‌ পালে—জরু নাঞ।
এখন্‌ তিনকুড়ি বছর বইসে

কাঁচ কনিয়াঁ দিবেক কে—
যে, বিহা কইরবেক ?
দু'অ দিগেই মরণ ।
ঘর দেইখ্‌লে বাহি'র যায়—
বাহির দেইখ্‌লে ঘর যায় !
ঘর আছে ত' ঘরণী নাঁঞ—
ঘরের বাসি কাম কইরতে গেলে
চাষের কাজকাম বেরবাদ হয়েঁ যায় !
গটা দিনটা খাটেঁ ঘামাঘামি হয়েঁ—
ঘরকে আলে—
একঘটি জল গড়াঁঞে দিবার কেঅ নাঁই !
ধকড়ার্‌ চিমড়অ জাহান্‌—
এত দুখ উপাসেঅ নাঁই যাঁর—
কৈ-মাগুর মাছের লেখেন
শুখনা ডাঁগায় বাঁচে থাকে ।
শাঁখের করাতের লেখেন
আইস্‌তে যাতে দু দিগেরলে কাটে ।
—কুস্‌মির উইপ্‌রা পিরীতের—
আর, উয়ার বাপের হেনস্থা করার বদলা দিতে—
বুঢ়া বইসে সাঁধা কইর্‌ল চুনারাম—
এক ছালার মাঁঞে—আধবুঢ়ি ধুস্‌মিকে ।
গায় বাছুর আ'ল্যঅ একেই সঁগে ।
ঢের দিন বাদে
চুনা হ'লঅ 'কাঠ বাপ'
আর উ বেটাছালাটা হ'ল্যঅ—
চুনারামের 'কাঠ বেটা' ॥

কাঠবেটা

আঁড়া বেটা কাড়াছানা
চুনারামের বেটা
পেল্‌কু লকে ডরায় অকে—
ডাকে 'কম্‌রেড্‌ জেঠা'।
চুনারামের কাঠবেটা
রাইতে ঘরে নাই ঘুরে
কলেজ পালাই লুটায় কুদায়
'লিভ্‌ টুগেদার' করে।
পুণ্যাকালের গাদা বন্ধুক্‌—
ভঁসায় একে অকে—
একলায় থাকে, একলায় বকে
ঘুমালো নাক ডাকে।
দিন-দুপহ্‌রে পুণ্য করে
রাইতে করে পাপ—
বেশি বইসে বিহা করেঁ
একটাই বেটার বাপ্‌।
তিন কুড়ি দশ বছর বইসে
মাটি বিদ্‌রায় ফালে
আন্‌খায় কেউ বাথান দিল
আঁগুন লাগায় জলে।

ভেজা বিঁধা

আভড়ায় খাবেক্ আঁভড়া ভাত
ঝিঁগা-কুঁদরির তরকারি
গণতন্ত্রের গালে হাত
টিকটিকি দেই টিট্কারী।

শিবের থানে পাথর পূজা
আঁড়্যা হুঁক্রে রাগে
গাঁজড়ি সাধু টাইন্ছে গাঁজা
লক্ষ্মীর মাঁএও ভিখ্ মাঁগে।

চিল্কিগড়ে চিলিক ভিলিক্
ঝাড়্গা গড়ে ঈঁদ
কুট্নি পিঁধে সিলিক্ শাড়
'ইহায়' ভেজা বিঁধ।

বেদম খুজ্যায় চামড়া খোস
রাইতে রম্অজ্ উঠে
ভেজা বিঁধলে হয় হাতযশ
উঁড়িস্ কামড়ায় খাটে।

বাঁদরবনির চাঁদবদনি
রূপের গরব্ করে
ডালঝাড়া বাঁদরের সঁগে
চন্কে বনে ঝাড়ে।

হিজড়া

হিজড়া খুড়া 'হিজ মাস্টার'
উয়ার বিটি 'টি ভি স্টার'
বাবুর বাথনি ভুখেল আটিস্
পাড়ায় হুঁকরে ডিহি ঘাড়।

মুড়য়া ডালে শিমালু কঁড়ি
কুইলি গলায় ফালগুন মাস
গণতন্ত্রের বাগান বাড়ি
খাস জমিনে কুথি চাষ।

আঁড়্যা বাবু বাঁড়্যা বাবু
দলের দালাল বাবুর দল
ঘরে তেল নাঁয় আঁতেল দাদা
একটা ফুলে দুটা ফল।

জাঁড়

আঘুয়াছি ন’ পেছুয়াঁএ যাছি
বল ন’ বইলবেক কে— ?
রগদাঁএ আইনছে ভোট পরব
আর ভেলেনটাইন-ডে ।

ঝিঁগা কুঁদরি বিকা টাকায়—
‘টি-ভি’ কিনছে পদা—
ফুটানির নাম পদ্মলচন
দেশুয়ালি জাঁড় বদা !

ক’টা টাকা বেংকে রাখেঁ্য
জিনুশের পেঁটুল পিঁধে
‘ক’ বইলতে কপাল ফাটে
জাইগা কিনে চাঁদে ।

ফুটানিবাজ

যা রে বকা যা'
উঁদুর পড়া খা
ধুলা জবরায় ঘলটিছে তর
জনম করা ছা'।

চইখে আড় লজর
আপনার লক পর
মুলে মাগ নাঁঞ ফুলশয্যা
লাঠুআ লটবর!

বাজাঁঞ ভালকি বাঁশের বাঁশি
ভেলকি লাগায় বাঁকা হাঁসি
কিষ্টরে তুঁই নষ্ট করেঁ
দিলিস্ রাই রূপসী।

পরের খেতে বুনিস ধান
মদনার হাথে মদনবাণ
কদমতলে কামারশালে
সিঁধখাড়ি পাজান!

কাঠবাপ

মহ্‌রা সাঁঘা কর‍্যেঁ চুনা
হয়‍্যেঁছে কাঠবাপ—
চুনারামের কাঠবেটায়
খেলায় খরিশ সাপ।

উদুক্‌খুল্যা বেকার বেটা
ঢন্‌কে বনে ঝাড়ে.
চুনার বেটায় লাটা বুদায়
খুকু খেদাঁয় মারে।

আংরেজিয়ে বাখান্‌ বকে
আচকা লাগাঁয় গেলে।
'ইয়েস' 'নো' আর 'ভেরি অয়েল'
শিখ‍্যেঁছে ইস্‌কুলে।

ঝকঝক্যা ভোট চকচক্যা লোট্‌
সিরাবেক্‌ ভাঁগালে
রুজি-পুঁজি সিরাঁয় যাবেক—
আনাঠিনে ছাপ দিলে।

ফুরুং

ধাসেঁয় দে ন আগ:ন জ:ম্ড়া
তিত্কাঞে দে ন ঝিত্কি—
হাওয়ায় 'ফুক:ং' উড়াঞে দিবঅ
লাগ্ লাগ্ লাগ্-ভেল্কি
কদমফুল্যা ঝিঁঝরা ষাঁড়া
লড়ায়কে কি ডরায় ?
কাড়ায় কাড়ায় বজাড় লাগে
কেড়: বাছ:ার আঁড়রায়।

বয়ার হলে আখ্ড়ায় মাটি
আড়খড়ায় ঝ্যাল্ খ:নে
গরীব ঘরে বহ: বিটি
ছাতু কুড়ায় বনে।

জংগী লকের ভংলঅ জামা।
'আজ্ঞা হ:জ:ার' বলে
মড়লঅ দাদা চাল্লাক-চদা
আঁগ.ন লাগায় জলে।

বাঁশবনে কটাশ রাজা
হাঁস খ:খড়া ধরে
হেল্কা বাঁকা পাঁদড়: কাকা
নিজেই একবার মরে।

পইনা

লাগাঁঞ দিব দ:টি পইনা
উল্‌টা-পাল্‌টা বইক্‌লে
বকা ভথা লক গিলাকে
ভুলাঁঞ ভুলাঁঞ রাইখ্‌লে।

তেল:আ লকের লেখেন হামি
তেল দিতে নাঁয় পাইর্‌বঅ
মান রাইথক্তে শ:খাঁঞ শ:খাঁঞ
মইর্‌বঅ নাঁয় ত' মাইর্‌বঅ।

কাড়হান্‌ ছাতুর লেখেন ফুইট্‌বঅ
পাত্‌ড়ি ব:দা বনে—
মাটি বিদ্‌রাঞ ফুইট্‌বঅ
আর ফুটাবঅ লাড়ীর টানে।

অ্যাড়ে উল্‌টে

দুখ্‌নী বহুড়ি   কুট্‌নী শহুড়ি

বাখ্‌না বাথ্‌নি করি

গরাম শালে   ঝুঁপ্যার আলে

ঝাঁপাঞে মুদা ধরি।

রউদে জলে   ঢইন্‌কেঁ্য বুলি

পড়া পেটের দায়ে

গটা দিনটা   কাটেঁ্য গেলঅ

মহুল সিঝা খাঁঞে!

হুঁকরা হুঁকরি   নাঁঞে কইরলে হে

লকে বইলবেক পেলু

রাবড়ি খাঁঞে   বড়কা বাবুর

মুঁটা লালু লালু।

ছিঁড়া চামড়ায়   যুগল মিলন

উড়ুশ কামড়ায় রাইতে

থঁথ্‌লঅ তাবলা   টাঁগেঁ্য রাখ

ছিঁটাবেড়ার কাঁথে

খাসডাহিয়ে   ঘর বাঁধেঞ ছ

খাসের জমি চাষ

আড়বাঁশি   বনাবঅ কিসে

বাঁশঝাড়ে নাঁয় বাঁশ।

●

মকর পরব

বছর দিনের মকর পরব
ভুখা-দুখার ঘরে
ভুখা দুখা মানুষ গিলা
চুড়পে গায়ের জউরে।

গুঁড়ি কুটা পিঠা লাঠা
ঢপর ঢপর ঢেঁকি
গড়গড়াছে ডুমু পিঠা
মদ্যালে ভাল ঠুঁকি।

সিনানু ঘাটে লইতন শাড়ি
পিঁধছে বহু বিটি
খুখড়া ডাকা ভউরে জাড়ে
লাইগছে দাঁত কপাটি।

মকর পরব গাঁয়ের গরব
গরীব দুখীর দেশে
ভখে মরা দিনের কথা
ভুলেঁ যায় পুষ মাসে।

ভাত কাপড় যে দিতে পারে
আসল সরকার তায়—
ভোট দিয়ালে চিনতে লারে
অকে দরকার নাই।

ঠরকা

গরু মোষ নাই হারাবেক্
গলায় বাঁইধ্‌লে ঠর্‌কা
বয়ার কাড়া, ছচ্ছ্‌রা গরুর
কাঁধে ভুখেল্‌ জরকা ।

বাঁড়্যা বরের ঢাঁগি কনিয়াঁ ।
বগের গলায় ঘংটা
ভোট পরবের বেওরা শুনেঁ
উদ্‌কে উঠছে মনটা ।

গরু বাছুর ঘাঁস ছিঁড়্যেঁ খায়
ঠর্‌কা ঠক্‌ ঠক্‌ বাজে—
ইদল উদল লক ঠকাতে
আসে সকাল সাঁঝে ।

বেত্যাল

তাল হারাঞে মাতাল কাঁদে
মাদ্যল কাঁদে রাইতে
বিনাঁঞ কাঁদে বাঁশের বাঁশি
বাঁশরিয়ার হাথে।

খরায় মরা লদী কাঁদে
মাটি ভাথ্হান্ খাল
কাম নাঁঞ হল্হে চাষী কাঁদে
বারঅ মাস নাকাল।

বেলা উইঠ্লে চাঁদ-টা কাঁদে
রাইতে কাঁদে বেলা
ভখ্হের জ্বালায় ছাল্যা কাঁদে
জীবন ঝালা পালা।

পেট কাঁইদ্লো মানুষ কাঁদে
ভখ্হা-দুখ্হার দেশে
দুখ্ দেইখ্লো সুখের লাগর
মুচুক মুচুক হাঁসে।

মাঞ কাঁইদলে ছাল্যাঅ কাঁদে
আঁধ্যার ঘরের কুণে
দুইখ্ল্যা লককে দেখাঁঞ দেখাঁঞ
সুইখ্ল্যায় টাকা গুণে।

পণ

বাপ হে ! হামকে বিহা দিলঁহ
বড় লকের ঘরে
তরু জামায় রাগাঞে গেলে
গুষ্ঠি উদ্ধার করে ।

দুবলা লকের বিটি বটি
হামি চুপেয় থাকি
ছাথির ভিথরে পাহার পড়ে
উইঠ্ছে পইড়ছে ঢেঁকি ।

তুঁই পারলিস্ নাঞ পণ দিতে
মটর সাইকেল, ঘড়ি
শ্বশুর বলে, ঘর ডুবানি
শাহড়ী, লক্ষ্মীছাড়ি ।

সুখের কথায় কাঁদনা আসে
মুঁহের ভাথ যে তিতা !
ভথ্হা বাপের দুখ্হা গতর্
কাঁথ্বগ্যলে কাঁথা ।

শ্বশুর ঘরের সনার গহনা
লাইগ্ছে দমে ভারি
খঁঠায় খঁঠায় কাঁটা বিধঁছে
উইঠ্তে বইস্তে লারি ।

বিকারাম

কিনারামে কুলকুলি দেই
বিকারামের বিক্‌লানি
নামঅ পাড়ায় আছহি ভাঁড়াএ
হামার ঘর হে শালবনী।

গাড়ায় ঢড়ায় মাছ হাঁস্‌থায়
দেইখ্‌তে দেইখ্‌তে দু-পহর
পেটের ভাথে ভাখুয়া খাটে
জুয়্যান ছকরা ঝাড়েশ্বর।

কেঅ চুষছে মাছের ভেথা
কেঅ বা খাছে নুন সঁঘে
চুনামারি জালটা লিএে
নামহেঁ বাছি মাঝ গাঁগে।

কাজ কাম নাই চুঁটি ধরহাঁর
ধুঁগা ছাড়ছি ফস্‌ ফসাঁর
আজের ভাথ ত' আছেই ঘরে
কাইল কি হবেক, জানি নাঁয়

পাঁদিড়ু খুঢ়া চল পাকুড্যা
উঠিন হামার মাসির ঘর
তর হামার ত একেই হালাত
জ্যাত কুটুমরা হল্যঅ পর।

লাদ্না

ডুব্কা-ডুবাং ডুবাং ভাং
ঢেমনা ঢাড়ান্ ভুখ্যাল ডাং
র‍্যাত্তে দিনে জো'র লড়ায়
লখা প ড়ার উপায় নাঁয় ।

মহুয়াল্ গাছে কচড়া ফল
লাটায় বুদায় দল্মাদ্যাল—
মদ ভাটিয়ে খুলছে ঝাঁপ
কাঁধে লাদ্না মুনুর বাপ ।

মকর বাঁদনা লক-কালচার
আখ্যান্ দিনে হোক হালচার
সরংবতী পিঁধছে 'জিনস্'
বেটায় বকে ভুল ইংলিশ ।

মটর বাইক ইসকুটার
খুল্যেঁ ফেলায় 'সাইলেনসার'
ঘরডুবাদের ঘরজামায়—
ভটভটিয়ে তেল পড়ায় ।

কি আর বইলব এয়ঠিন এসে
ফুটানিয়েই ফুইট্লজ দেশ ।

জনম ভুঁই

ডোলং নদী কাতা থাছে—
চাষাভুষা বিসপিত্তা,
জমিন্ হারাঞ আঁধার থানাঞ
কেল্‌কেতাছে কইল্‌কাতা।

কি যে কইর্‌ব কুথায় যাব
বইসটা এখন তিনকুড়ি
মুলে মাঁগ নাঁয় ফুলশয্যা—
আঁতেল চিবায় তেলমুড়ি।

ভাদর-আইশনা টানের দিনে
কেঅ দিছে নাঁয় উধার-ধার—
বকায় বিকে চাল্লাক কিনে,
জলের দরে সনার হার।

অদা চুল্‌হা ভিজা কাঠে
ধুঁগায় ধক্‌ড়ার ঘর সংসার
ফুঁকনালিটা ফুঁকেঁ্য কাহিল
সল্‌গিছে নাঁয় একেই বার।

দীন দুখিদের দুখের কথা
শুইন্‌বার কারঅ সমই নাঁয়
বড় লকের পাড়ায় কি আর
ভথা গরীব পাবেক ঠাঁই ?

বড়া বদা বক্‌ঠা বাসায়—
ছাগ্যল্‌ মানে বক্‌রি—
জয়্যান্‌ ছকরার মন মজাতে
বড়ী সাইজ্‌ছে ছকরি ।

বাদাড় ভাঙে উদমা মরদ—
আইস্‌কা পিঠার বাসে
একটা ভুলি দশটা ভুলা
রগ্‌দায় ভাদর মাসে ।

ঘরডুবানি কুট্‌নি মাঁয়্যা—
ফুসন্যার ফাসন্যার করে
ভিনাঁএ দিয়েঁ শ্বশুর ভাসুর
একল্লায় মজা মারে ।

ঘোর কলিকাল ঢেমনার হাল
বিকায় বেদম দামে—
ভুলাঁএ ভুলাঁএ রক্তঅত্‌ চুষে
ভালবাসার নামে ।

নন্দের বেটা লাঠুয়া কানু
দু'হাতে বাজায় বেণু
বৃষভানুর বিটির পিরীতে
গঠগরু চরায় মন ভুলাতে ।

খঁদ খালে চাষী রাগে
খঁয়্যাড় দিতে খেদাঁএও লেগে
কাল্যা কিষ্টঅ ভুগছে ডেঁগু জ্বরে
রাধির সঁঘে গুজুর ফুট্যার করে ।

পদ্দীর বেটা পদ্মলোচন
হাতে একটা 'মবাইল-ফোন'
যখন তখন 'হেলো-হেলো' করে
ভথা দুখা ছট্‌কে দু'পহরে ।

উপ্‌রে ঢাকঢোল ভিতরে খোল্
হামার সাকিন গধরাশোল
পাঁকে পইড়্‌লে হাতি-ঠাকুর
বেঁধে লথ্যাঁএও মারে
বুঝিবস্ বাছা দু'পাঁচ বছর পরে ।

জল্‌কে গেলে জয়্যান বিটি
কাল্যা কিষ্টঅ মারে সিটি
বাটে ঘাটে টেরা চইখ ঠারে
ফাঁক পাল্যে শাড় চুরি করে ।